ও৩ম্

নিরাকার ঈশ্বরের উপাসনা

অনুবাদ ও সম্পাদনা

শ্রী রঞ্জিত চন্দ্র

শিক্ষা ও শাস্ত্রার্থ সমন্বয়ক,
বাংলাদেশ অগ্নিবীর, রংপুর বিভাগীয় শাখা

॥ ওতম্ ॥

নিরাকার ঈশ্বরের উপাসনা

লেখক:-
জ্ঞানেশ্বরার্য (দর্শনাচার্য)

অনুবাদ ও সম্পাদনা:-
শ্রী রজিৎ চন্দ্র

বেদ-গীতা শাস্ত্র অন্বেষণ

[সর্বদা সত্য ও ধর্মের পথে]

নিরাকার ঈশ্বরের উপাসনা

প্রকাশক : বেদ-গীতা শাস্ত্র অন্বেষণ
নতুন সংস্করণ : ১৬ জুন ২০২৫ ইং

লেখক : জ্ঞানেশ্বরার্য (দর্শনাচার্য)
অনুবাদ ও সম্পাদনা : শ্রী রজিৎ চন্দ্র

মূল্য : বিনামূল্যে ই-বুক কপি।

প্রচ্ছদ ও অক্ষর বিন্যাস : বেদ-গীতা শাস্ত্র অন্বেষণ

সম্পাদকীয়

যাঁরা সনাতনের মুখ্য ভিত্তি পবিত্র বেদের বিধানে ঈশ্বরের উপাসনা করে, তাঁরা একমাত্র পরমপিতা পরমাত্মার'ই উপাসনা করে এবং তা অবশ্যই নিরাকার পরমাত্মার। বর্তমান সময়ে এই নিরাকার উপাসনা সম্পর্কে ব্যাপক চর্চা হচ্ছে, জেনে অনেক ভালো লাগে। কারণ মানুষ ধীরে ধীরে তাঁদের গৌরবময় সুপ্রাচীন রীতিতে সনাতনকে ধারণ করছে। কিন্তু এই নিরাকার ঈশ্বরের উপাসনায় একটা কমন প্রশ্ন "নিরাকার ঈশ্বরের উপাসনা কীভাবে করবো?" —এই প্রশ্নের বিষয়ে যৌক্তিক উত্তর তথা শাস্ত্রীয় রেফারেন্স সহ এই পুস্তকটি প্রস্তুত করা হয়েছে। কেউ যদি নিরাকার ঈশ্বরের উপাসনা সম্পর্কে কোনো প্রকার বিভ্রান্তিতে থাকেন তবে এই পুস্তকটি হতে পারে তাঁর সমস্ত চিন্তার সমাধান।

আমি আশা করি, এই পুস্তকটি সকলের নিকট সমাদৃত হবে॥

— রজিৎ চন্দ্র

সূচীপত্র

নিরাকার ঈশ্বরের ধ্যান কীভাবে করবে?

ঈশ্বরের ধ্যানকারী সাধকের কাছে সব থেকে বড় সমস্যা এটা আসে যে, নিরাকার ঈশ্বরের উপাসনা কিভাবে করা যায়? মনকে স্থির করার জন্য কোনো না কোনো আধার হওয়া আবশ্যক, সেই আধার কোনো মূর্তি হোক, কোনো প্রকাশ হোক, কোনো দীপ হোক, কোনো সুগন্ধি ধূপ হোক, কোনো বিন্দু হোক, বা কোনো চিহ্ন হোক। কোনো না কোনো বস্তু হওয়া আবশ্যক। বিনা কোনো আধারে মন কিভাবে স্থির হতে পারে? এই বিষয়ে ধ্যান প্রদানের প্রয়োজন রয়েছে যে, মনকে স্থির করার জন্য আশ্রয়ের আবশ্যকতা তো রয়েছে, আমরাও বলছি যে আশ্রয় তো নেওয়াই দরকার কিন্তু সেই আশ্রয় ঈশ্বরেরই হওয়া আবশ্যক। আমাদের ধ্যান তো করতে চাই ঈশ্বরের কিন্তু আশ্রয় নিব প্রকৃতির, এটা তো ঝামেলা হয়ে গেল এইজন্য আশ্রয় তাঁরই নেওয়া উচিত যা ঈশ্বরই গুণ-কর্ম-স্বভাব।

শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, ওজন, উচ্চতা, প্রস্থ এসব গুণ প্রকৃতির এবং প্রকৃতি দ্বারা নির্মিত পদার্থেও আসে, কিন্তু এসব গুলো ঈশ্বরের মধ্যে নেই। এর আশ্রয় আমরা যদি নেই, তো তা প্রকৃতির আশ্রয় হয়ে গেল। ঈশ্বরের আশ্রয় কিভাবে বলা যাবে এটাকেব? এখানে প্রকৃতির আশ্রয়কে গ্রহণ করে বলা হচ্ছে যে, ঈশ্বরের আশ্রয় নিচ্ছি। এরূপ মিথ্যা ধারণা হয়ে যাবে। ঈশ্বরের ধ্যান ঈশ্বরেরই আশ্রয় নিতে হবে। ঈশ্বরের আশ্রয় নেওয়া অর্থাৎ ঈশ্বরের গুণের আশ্রয় নেওয়া। ঈশ্বরের গুণ আনন্দ, ঈশ্বরের গুণ জ্ঞান, ঈশ্বরের গুণ বল, ঈশ্বরের গুণ দয়া, ঈশ্বরের গুণ ন্যায় ইত্যাদি। তো আমাদের ঈশ্বরের উপাসনা করার জন্য এবং নিজ মনকে স্থির করার জন্য ঈশ্বরের গুণেরই আশ্রয় নেওয়া উচিত। সেই গুণ সমূহকে নিয়েই মনকে স্থির করা যায়, এবং ধ্যান করা যায়।

নিরাকারের আশ্রয়

যদি আমরা কোনো রূপের আশ্রয় করে ঈশ্বরের ধ্যান করি তো এটা ধ্যানই হবে না, বরং সেখানে বৃত্তি হচ্ছে। কেননা রূপ নেত্রের বিষয় এবং আমরা নেত্র দ্বারা রূপকে দেখে বৃত্তি করছি, বমত্তি নিরোধ কিভাবে হতে পারে? ঈশ্বরের ধ্যান করার জন্য বৃত্তি-নিরোধ বলা হয়েছে। অর্থাৎ মনের মাধ্যমে, ইন্দ্রিয়ের মাধ্যমে, যে প্রাকৃতিক বিষয় রয়েছে, ৫ ভূত রয়েছে – শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ সেগুলো আমরা গ্রহণ করবো না। যদি ধ্যানের কালে রূপের অনুভূতি করা হয় তো বৃত্তি নিরোধ হবেই না, সেখানে তো বৃত্তি চলমান রয়েছে। সেই বৃত্তিকেই রুদ্ধ করেই ঈশ্বরের ধ্যান হতে পারে, এইজন্য রূপের আশ্রয় নিষেধ। এই প্রকার যদি আমরা শব্দের আশ্রয়

নিয়ে ঈশ্বরের ধ্যান করি, তো তাও নিষেধ। কেননা সেটিও ইন্দ্রিয়ের বিষয়। এটা আবশ্যক যে, আমরা উপাসনার সময় বৃত্তির নিরোধক করবো। আমরা ধ্যান করতে যাচ্ছি ঈশ্বরের, কিন্তু প্রকৃতির আশ্রয় নিয়ে প্রকৃতির ধ্যানে যুক্ত হয়ে যাই, এটা উচিত নয়। তাই উপাসনা কালে শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ গুণযুক্ত প্রাকৃতিক পদার্থ সমূহের আশ্রয় নেওয়া উচিত নয়।

সাকার ঈশ্বরের মিথ্যা ধ্যান

যে গুণ ঈশ্বরের মধ্যেই নেই, সেই গুণসমূহকে ঈশ্বরের মধ্যে মনে করে ঈশ্বরের ধ্যান করি বলেই তো আমাদের ধ্যান মিথ্যা হয়ে যায়। উদাহরণের জন্য যখন ঈশ্বরের মধ্যে 'রূপ' গুণই নেই এবং আমরা নিজের কল্পনা থেকে ঈশ্বরের মধ্যে লাল, নীল, সোনালী, সাদা বা অন্য কোনো প্রকারের গুণ রয়েছে এইরকম কল্পনা করে ঈশ্বরের ধ্যান করি তো এটাকে ধ্যান বলা হবে না, এটা তো অধ্যান হয়ে গেল, মিথ্যাধ্যান হয়ে গেল। এইজন্য যে ব্যক্তি কোনো রূপের আশ্রয় নিয়ে ধ্যান করে যে, আমি ঈশ্বরকে প্রাপ্ত করবো, ঈশ্বর ধ্যান করবো, তো এটি কখনো ধ্যান হবে না। কেউ বিন্দুরূপে, কেউ সূর্যের রূপে, কেউ তারার রূপে, কেউ ধূপ বাতির শিখার রূপে, মোমবাতির শিখার রূপে, কেউ জ্যোতির রূপে, কেউ প্রকাশের রূপে, চোখ খুলেও কিছু লোক, চোখ বন্ধ করেও নিজের মনের ভেতর এই প্রকারের কল্পনা করে ঈশ্বরের ধ্যান করে, এইসব আশ্রয় ঠিক নয়। এটি একটি মিথ্যা মান্যতা যে, ঈশ্বরের ঈশ্বরের ভেতর কোনো জ্যোতি বা প্রকাশ রয়েছে। এর কারণ এই যে, লোকেদের ধারণা রয়েছে বা কোথাও শুনেছে, পড়েছে যে, ঈশ্বর প্রকাশমান এবং যখন তাঁর অনুভূতি হয় তো মহান প্রকাশ হয়। বেদ আদি আর্ষ গ্রন্থে ঈশ্বরের বিষয়ে আসা শব্দ প্রকাশ শব্দের অর্থ পার্থিব প্রকাশ নেওয়া উচিত নয়। প্রকাশের অর্থ জ্ঞান নেওয়া উচিত। যখন ঈশ্বরের অনুভূতি হয় তো ব্যক্তি মহান জ্ঞানী হয়ে যায়। এইরূপ মান্য করা উচিত। প্রকাশের অর্থ সেখানে জ্ঞান। ঈশ্বর প্রকাশবান এর অর্থ মহান জ্ঞানবান, পার্থিব প্রকাশবান নয়। এইজন্য ঈশ্বরের ভেতর প্রকাশের, জ্যোতির, সূর্যের, চন্দ্রমার, প্রদীপ আদির কল্পনা করে তাঁর ধ্যান করা উচিত নয়। যদি করা হয় তো এটি ধ্যান নয় বরং অধ্যান বলে অভিহিত হবে।

ঈশ্বরের গুণের দ্বারা ঈশ্বরের ধ্যান

প্রশ্ন আসে যে, যখন ঈশ্বরের মধ্যে রূপ আদি গুণ নেই তো তাঁর ধ্যান কিভাবে করা যায়? এর সোজাসুজি উত্তর এই যে, হ্যাঁ, নিরাকারেরও ধ্যান হয়। আমরা সকল নিরাকার বস্তুসমূহেরও ধ্যান করি। উদাহরণের রূপে বায়ু কি কেউ দেখতে পায়? বায়ুর কোনো রূপ নেই,

তার কোনো লাল, নীল, সোনালী রঙ নেই। বায়ু নিরাকার কিন্তু আমরা বায়ুর ধ্যান করি। বায়ুর অনুভূতি করি। প্রশ্ন আসে যে, কিসের মাধ্যমে বায়ুর অনুভূতি করি? উত্তর হলো যে, বায়ুর গুণের মাধ্যমে বায়ুর অনুভূতি করি যেরূপ ঠাণ্ডা বাতাস বইছে তো আমরা অনুভূতি করবো বায়ু ঠাণ্ডা। বায়ু গরম হলে আমরা গরমের মাধ্যমে বায়ুর অনুভূতি করে নেই। ঠিক এইরকমই ঈশ্বরে রূপ আদি গুণ নেই কিন্তু তাঁর মধ্যে অনন্ত গুণ রয়েছে যেমনঃ দয়া গুণ রয়েছে, ন্যায় গুণ রয়েছে ইত্যাদি। এই গুণের মাধ্যমে আমরা ঈশ্বরের ধ্যান করতে পারি, করা উচিত। যেরূপ, হে ঈশ্বর ! আপনি ন্যায়কারী, দয়ালু, সৃষ্টির রচয়িতা, সৃষ্টির রক্ষক, পালক এবং পোষক। হে ঈশ্বর ! আপনি মহান জ্ঞানী, মহান দয়ালু, কর্মফল প্রদাতা ইত্যাদি।

নিরাকার ঈশ্বরের ধ্যানের অন্য উদাহরণ

অন্য উদাহরণ শব্দের। আমরা শব্দকে স্বয়ং বলি, অন্যের শব্দকে শুনি। শব্দ থেকে জ্ঞান হয়ে যায়। শব্দের কোনো রূপ নেই। শব্দ কোনো লাল, নীল, সোনালী হয় না। শব্দ গুণ, সেই গুণের মাধ্যমে আমরা জানতে পারি কোন ব্যক্তি বলছে। টেলিফোনে আমরা কথা বলি। আমাদের পরিচিত ব্যক্তি দ্বারা হ্যালো বলতেই আমাদের অনুভূতি হয়ে যায় যে, সে বলছে। এই প্রকার দ্বিতীয় উদাহরণ নিন। আমরা লতা মঙ্গেশ্বরকে, তাঁর নাম নিয়ে তাঁর দ্বারা গাওয়া গানকে শুনেছি। কোথাও থেকে লতার গান আসছে। সেখানে না বলার পরেও আমরা জানি লতা গাইছে। তার স্বরকে শুনে তাঁকে বুঝে নেই। এই প্রকার কিশোর কুমার গাইছে বা মোহাম্মদ রফী গাইছে বা অনুরাধা গাইছে। আমরা কপবল শব্দকে শুনেছি রূপকে দেখিনি যেরূপ আমরা শব্দ গুণের মাধ্যমে গায়ককে জেনে নেই তেমনি আনন্দ, জ্ঞান, বল, দয়া, পুরুষার্থ, ন্যায় আদি যে গুণ ঈশ্বরের মধ্যে রয়েছে সেই গুণ সমূহের মাধ্যমে সেই ঈশ্বরকে জানতে পারি, তার অনুভূতি করতে পারি, এটিই প্রক্রিয়া।

নিরাকার বস্তুরও ধ্যান সম্ভব

ঈশ্বরের উপাসনাকারী অনেক মানুষের মনে এই শঙ্কা থাকে যে, রঙ, রূপ, আকৃতি, দৈর্ঘ্য, প্রস্থহীন কোনো বস্তুর ধ্যান করা সম্ভব নয়। কোনো না কোনো রূপ থাকা অবশ্যই উচিত। কোনো ভিত্তি ছাড়া মনকে কিভাবে স্থির রাখা যাবে? অন্তত মনকে স্থির করার জন্য কোনো না কোনো ভিত্তি থাকা উচিত এবং সেই ভিত্তি হতে পারে মাত্র আকৃতিসম্পন্ন বস্তুই। তাই তারা কোনো জড় বস্তুকে আশ্রয় নেয়, কিন্তু এই মান্যতা সঠিক নয়। রঙ, রূপ, আকৃতি ছাড়া বস্তুরও

ধ্যান করা যায়। উদাহরণস্বরূপ, সুখের কোনো রঙ, রূপ, আকৃতি নেই, তবুও প্রতিদিন লক্ষ লক্ষ মানুষ সুখের ধ্যান করে, সুখ কামনা করে। একইভাবে দুঃখেরও কোনো হাত পা নেই, তবুও সব প্রাণী দুঃখের ধ্যান করে এবং মনে মনে ভাবে দুঃখ যেন না আসে। একইভাবে গুরুত্বাকর্ষণ শক্তি, বৈদ্যুতিক তরঙ্গ, আলফা, বিটা, গামা এবং এক্স-রে ইত্যাদিও নিরাকার, এদের কোনো রূপ, রঙ, আকৃতি নেই, তবুও আমরা এগুলোর ধ্যান ও চিন্তা করি। তাই এটি অপরিহার্য নয় যে শুধু রূপবান বস্তুরই ধ্যান হয়, রূপহীন বস্তুর ধ্যান হয় না। প্রকৃত তত্ত্ব হলো যে, যেই বস্তুতে যেই গুণ থাকে, সেগুলোর মাধ্যমে সেই বস্তুর ধ্যান করা হয়, অন্যথা নয়। যখন ঈশ্বরে রঙ, রূপ, আকৃতি, দৈর্ঘ্য, প্রস্থ, ওজন, তার হাত পা কিছুই নেই, তখন ঈশ্বরের ধ্যান করতে গিয়ে রঙ, রূপ, আকৃতি, হাত, পা ইত্যাদি ধারণা করা মিথ্যা এবং অর্থহীন। এমন ধ্যান থেকে ঈশ্বরের প্রাপ্তি কখনোই সম্ভব নয়, কারণ এই গুণগুলি ঈশ্বরে নেই।

নিরাকার ঈশ্বরের উপাসনার প্রমাণ

"স পর্যগাৎ শুক্রম্ অকায়ম্ " (যজুর্বেদ ৪০/৮) এই মন্ত্রে বলা হয়েছে যে ঈশ্বর প্রত্যেক কণায় কণায় পর্যন্ত ব্যাপ্ত এবং শরীর ধারণ করেন না। ***"ন তস্য প্রতিমা অস্তি "*** (যজুর্বেদ ৩২/৩) এই মন্ত্রে স্পষ্ট বলা হয়েছে যে সর্বব্যাপক, সর্বজ্ঞ, সর্বান্তর্যামী ঈশ্বরের কোনো মূর্তি হতে পারে না। একইভাবে বেদান্ত দর্শনের চতুর্থ অধ্যায়ের প্রথম পাদের চতুর্থ সূত্রে ঋষি বলেছেন— ***"ন প্রতীকে ন হি সঃ "*** অর্থাৎ জড় পদার্থে, মূর্তি ইত্যাদিতে পরমাত্মার বুদ্ধি কল্পনা করা উচিত নয়। কারণ সেই জড় পদার্থ পরমাত্মা নয়। যদিও সেই পদার্থে ঈশ্বর আছে, তবুও সেই জড় পদার্থ ঈশ্বর নয়, তাই সেই জড় পদার্থকে ঈশ্বর ধরে তার উপাসনা করা উচিত নয়। একইভাবে সাংখ্য দর্শনে একটি সূত্র এসেছে— ***"ধ্যানং নির্বিষয়ং মনঃ "*** (৬/২৫) এতে ঋষি বলেছেন যে ধ্যানের সময় মন কোনো লৌকিক বিষয়ের ওপর আসক্ত থাকা উচিত নয়। অর্থাৎ শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ যা ইন্দ্রিয়ের বিষয়, সেগুলোর চিন্তা করা উচিত নয়। যখন আমরা কোনো জড় পদার্থের রঙ, রূপ, আকৃতি ইত্যাদির ধ্যান করি, তখন সেই বস্তু ধ্যানের বিষয় হয়ে যায়। তাই এখানে ঋষিরা ধ্যানের বিষয়ে স্পষ্ট নির্দেশ দিয়েছেন যে জড় পদার্থকে নিয়ে ঈশ্বরের ধ্যান করা উচিত নয়। উপরের বেদ, দর্শন ইত্যাদি গ্রন্থে উল্লেখিত মন্ত্র ও সূত্র থেকে এটি প্রমাণিত হয় যে ঈশ্বর নিরাকার। ঈশ্বরের যে গুণ আছে, শুধুমাত্র সেই গুণের মাধ্যমে ঈশ্বরের ধ্যান করা উচিত। এই ধ্যান থেকেই ঈশ্বরের সাক্ষাৎ ঘটে এবং ঈশ্বরের সেই গুণ আমাদের মধ্যে প্রবেশ করে। এছাড়া অন্য কোনো পদ্ধতিতে অন্য কোনো আলম্বনকে মনে রেখে ধ্যান করলে তা ধ্যান নয়, অধ্যান হয়। এইরূপই বুঝতে হবে।

নিরাকার ঈশ্বরের ধ্যানের উদাহরণ

কেউ আমাদের পরিচিত বন্ধু রাতের সময় আমাদের বাড়িতে আসে। কুশল বিনিময় করার পর যখন মূল উদ্দেশ্যের কথা আসে, তখন সে আমাদের বলে যে আমি আপনার কাছে ৫০ হাজার টাকা ধার নিয়েছিলাম, তা ফেরত দিতে এসেছি। এমন বলেই সে পিছনের পকেটে হাত দিয়ে টাকার প্যাকেট বের করতে গিয়ে পায় না এবং উদ্বিগ্ন হয়ে বলে, আমার পার্স কোথায় গেল? আমরা তাকে জিজ্ঞাসা করি, কী ব্যাপার? কোন পার্স? তখন সে উত্তর দেয়, আমি আপনাকে ৫০ হাজার টাকা ফেরত দিতে এসেছি। সেই টাকা এই পার্সে ছিল। জানি না কোথায় পড়ে গেছে? আমরা জিজ্ঞেস করি, শেষবার কোথায় দেখেছিলেন? তখন সে বলে, যখন আমি বাস থেকে নামলাম এবং রিকশায় উঠছিলাম, তখন প্যান্টের পিছনের পকেটে হাত দিয়ে টাকা বের করেছিলাম। কিছু টাকা রিকশাওয়ালাকে দিতে বের করে পার্স পকেটে রেখে দিয়েছিলাম। তখন আমার পকেটে পার্স ছিল এবং টাকাও ছিল। আমরা জিজ্ঞেস করি, পার্সের রঙ, আকৃতি কেমন? তখন সে বলল, লাল রঙের পার্স, প্রায় ৮ ইঞ্চি লম্বা এবং ৩ ইঞ্চি চওড়া। তাতে ৫ শত টাকার ১০০টি নোট রাখা ছিল। তখন আমরা বললাম, চলুন যেখানে আপনি বাস থেকে নেমেছিলেন এবং রিকশায় উঠেছিলেন, সেই জায়গায় যাই। সেই স্থান প্রায় আধা কিলোমিটার দূরে ছিল। রাতের সময়, রাস্তা নির্জন ছিল। হাতে টর্চ নিয়ে পার্স খোঁজার জন্য আমরা বের হলাম। যদিও আমরা পার্স দেখিনি, তবুও আমাদের পরিচিত বন্ধু পার্স সম্পর্কে যেমন বর্ণনা দিয়েছিল, সেই বর্ণনার ভিত্তিতে আমরা অন্ধকারে টর্চ জ্বালিয়ে পার্স খুঁজতে শুরু করলাম। আমাদের মনে কেবল শব্দ জ্ঞান ছিল যে লাল রঙের পার্স, ৮ ইঞ্চি লম্বা, ৩ ইঞ্চি চওড়া, যাতে ৫০০ টাকার ১০০টি নোট ভরা আছে। মনে আর কোনো চিন্তা নেই, কেবলমাত্র বন্ধুর বলা পার্সের শব্দ জ্ঞানের ভিত্তিতে আমরা পার্স খুঁজছি এবং রাস্তার দিকে এগিয়ে যাচ্ছি। এটা ছিল সেই অপ্রত্যক্ষ পার্সের ধ্যান। ঈশ্বরের ধ্যানের অবস্থাও এমনই হয়। বেদের মন্ত্রে আসা ঈশ্বরের গুণ-কর্ম-স্বভাব মনে মনে আওড়াতে থাকা এবং তাঁর প্রাপ্তির কামনা করতে থাকাকে ধ্যান বলা হয়। নিরাকার ঈশ্বরের উপাসনার ৩টি বিভাগ আছে –

১. ঈশ্বরের স্তুতি

২. ঈশ্বরের থেকে প্রার্থনা

৩. ঈদের উপাসনা

সর্বপ্রথম বেদ-মন্ত্রের মাধ্যমে ঈশ্বরের স্তুতি করা হয়। স্তুতির অর্থ হলো কোনো বস্তুর স্বরূপ অর্থাৎ গুণ-কর্ম-স্বভাব ভালোভাবে জানা, যেমন ঈশ্বর আনন্দস্বরূপ, ঈশ্বর ন্যায়পরায়ণ, ঈশ্বর করুণাময়, ঈশ্বর মহান জ্ঞানী, ঈশ্বর মহান, বলবান ইত্যাদি।

দ্বিতীয় বিভাগ হলো প্রার্থনা। ঈশ্বরের যেসব গুণ আমরা বেদ-মন্ত্রের মাধ্যমে জানতে পেরেছি, সেই গুণগুলো অর্জনের ইচ্ছা প্রকাশ করাই প্রার্থনা বলা হয়। যেমন, হে ঈশ্বর! আপনি আনন্দস্বরূপ, আমাকেও আনন্দিত করুন। আপনি মহান জ্ঞানী, আমাকেও জ্ঞানী করুন। আপনি মহান করুণাময়, আমাকেও করুণাময় করুন। আপনি ন্যায়পরায়ণ, আমাকেও ন্যায়পরায়ণ করুন ইত্যাদি।

ধ্যানের তৃতীয় বিভাগ হলো উপাসনা। ঈশ্বরের যেই গুণকে জ্ঞাত হয়ে আমরা তাঁর প্রাপ্তির প্রার্থনা করেছিলাম সেই গুণকে ধারণ করে নেওয়া অথবা করার সতত প্রয়াস করতে থাকাকে উপাসনা বলে।

স্তুতি, প্রার্থনার পর উপাসনার উদাহরণ

হে ঈশ্বর ! আপনি আনন্দস্বরূপ এইরূপ মান্য করাই ঈশ্বরের স্তুতি। হে ঈশ্বর ! আমিও আনন্দিত হয়ে যাব, এইরূপ ইচ্ছা ব্যক্ত করা প্রার্থনা। এবং আমি আনন্দিত হয়ে গেছি অথবা আমি দিনভর আনন্দিত থাকবো, দুঃখী হবো না এইপ্রকার প্রয়াস করা উপাসনা। উপাসকের জন্য কিছু মহত্ত্বপূর্ণ কথা:-

"মনুষ্য জীবনের পরম লক্ষ্য ঈশ্বরকে প্রাপ্ত করা তথা অন্যদেরকে প্রাপ্ত করানো।" এই কথা যোগ জিজ্ঞসীদের নিজের মনে নিশ্চয় সহিত বসিয়ে নেওয়া উচিত। যেরূপ বেদাদি সত্য শাস্ত্রে লেখা রয়েছে —

১) ***বেদাহমেতং পুরুষং মহান্তম্....*** [যজুর্বেদ ৩১/১৮]

২) ***ইহ চেদবেদীদথ সত্যমস্তি ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিঃ।*** [কেনোপনিষদ ২।৫]

৩) ***আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ।***

[বৃহদারণ্যকোপনিষদ ২।৪।৫]

যোগাভ্যাসীকে যম নিয়মসমূহের পালন মন, বচন এবং শরীর দিয়ে শ্রদ্ধার সঙ্গে পালন করতে হবে। সাধক নিজে শৃঙ্খলাবদ্ধ থাকবে এবং শৃঙ্খলা বজায় রাখতে সহযোগিতা করবে।

যোগাভ্যাসীকে মহর্ষি ব্যাসের মতে এই কথা ভালো করে বুঝে নিতে হবে যে, "নাহতপস্বিনো যোগঃ সিদ্ধ্যতি" অর্থাৎ, তপস্যা ছাড়া যোগ সিদ্ধি হয় না।

যোগ সাধককে উচিত যে তিনি বেদ, দর্শন, উপনিষদ, স্মৃতি ইত্যাদি গ্রন্থের শব্দ-প্রমাণে পূর্ণ বিশ্বাস রেখে চলবেন। এই আপ্ত কথাগুলোতে কখনো সন্দেহ করবে না।

যোগাভ্যাসীকে উচিত যে তিনি আচরণে এতটাই সতর্ক থাকবেন যে, কোনো ধরনের ত্রুটি (দোষ) ঘটতে দেবেন না। যদি কখনো ত্রুটি ঘটে, তবে তা দ্রুত স্বীকার করবেন, তার প্রায়শ্চিত্ত করবেন (শাস্তি গ্রহণ করবেন) এবং ভবিষ্যতে যেন তা না ঘটে সে চেষ্টা করবেন।

যোগাভ্যাসীকে ভাষার ব্যবহার অত্যন্ত সতর্কতার সঙ্গে করতে হবে, অর্থাৎ প্রয়োজন হলে কেবল কথা বলবে, সত্যই বলবে, সত্যও মধুর ভাষায় বলবে এবং তা অবশ্যই উপকারী হতে হবে।

যোগাভ্যাসীকে নিজের সম্মানের ইচ্ছা কখনো করা উচিত নয় এবং অপমান সহ্য করতে হবে (দুঃখিত হওয়া যাবে না)।

যোগ সাধককে তার প্রতিটি কাজ ঈশ্বরের প্রাপ্তি (সাক্ষাৎকার) এর জন্য করতে হবে, সংসারিক সুখ এবং সুখের উপকরণের জন্য করবে না।

যোগাভ্যাসীকে ব্রহ্মবিদ্যা (যোগবিদ্যা) শ্রবণ, মনন, নিদিধ্যাসন এবং সাক্ষাৎকারের পদ্ধতিতে অর্জন করার জন্য পূর্ণ চেষ্টা করবে।

সাধককে উচিত যে তিনি শুধুমাত্র যোগ সম্পর্কিত বিষয়েরই অধ্যয়ন করবেন, পড়া বিষয়গুলোর উপরই আলোচনা, চিন্তা করবেন। অন্য কোনো সংসারিক বিষয়ে আলোচনা করবেন না।

যোগাভ্যাসীকে উচিত যে তিনি ব্রহ্মবিদ্যার গুরুত্ব বুঝবেন এবং তা অর্জনের জন্য নিজেকে যোগ্য করবেন, যেমন জনক প্রভৃতি রাজারা ছিলেন। রাজা জনক যাজ্ঞবল্ক্যকে নিম্নলিখিত কথা বলেছেন—

"সোঽহং ভগবতে বিদেহান্ দদামি মাঞ্চাপি সহ দস্যায়োতি "

[বৃহদারণ্যকোপনিষদ ৪।৪।২৩]

"হে যাজ্ঞবল্ক্য! আমি আপনাকে আমার সমগ্র বিদেহ রাজ্য অর্পণ করছি এবং নিজেকেও আপনার আদেশ পালন করার জন্য নিবেদিত করছি।" যোগাভ্যাসীর উচিত যে নিজে কষ্ট সহ্য করে (নিজের সুখ-সুবিধা ত্যাগ করে) অন্যদের সুখ দেওয়ার চেষ্টা করবে।

যোগাভ্যাসীকে অন্যদের গুণগুলোই দেখতে হবে, দোষ নয়, এবং নিজের দোষগুলো দেখতে হবে, গুণ নয়।

ভৌতিক বস্তুসমূহ (খাদ্য, বস্ত্র, বাসস্থান, যানবাহন ইত্যাদি) ব্যবহার করতে হবে শুধুমাত্র শরীরের রক্ষা করার জন্য, সুখ লাভের জন্য নয়।

যোগ সাধককে উচিত, যখন প্রয়োজন না থাকে তখন খাদ্য গ্রহণ না করা এবং প্রয়োজন পূর্ণ হলে খাদ্যাদি অতিরিক্ত গ্রহণ না করা অর্থাৎ নিজের জিহ্বা এবং অন্যান্য ইন্দ্রিয়ের উপর নিয়ন্ত্রণ রাখা।

ঈশ্বরের দ্রুত প্রাপ্তির জন্য যোগাভ্যাসীকে উচিত যে, হেয়, হেয়-হেতু, হান, হানোপায় (দুঃখ, দুঃখের কারণ, সুখ, সুখের উপায়) এই বিষয়গুলোকে ভালোভাবে বোঝার চেষ্টা করা।

যোগাভ্যাসীর মনে যদি যোগ সম্পর্কিত বিভিন্ন সন্দেহ সৃষ্টি হয়, তবে তাঁর উচিত যে কোনো যোগনিষ্ঠ গুরুর কাছে গিয়ে, তাঁদের অনুমতি নিয়ে, প্রেমপূর্ণ ও জিজ্ঞাসু মনোভাব নিয়ে

সেই সন্দেহগুলো সমাধান করা, কিন্তু কারো সঙ্গে বিতর্ক বা ঝগড়া করা উচিত নয়।

ধ্যানের সজ্জা

ঈশ্বরের উপাসনা করা "যোগাভ্যাসী"-কে অবশ্যই প্রাতঃকালে সূর্যোদয়ের কমপক্ষে দুই ঘণ্টা আগে উঠতে হবে। সাধকের উচিত বিছানা থেকে উঠার সময় মনে "ও৩ম্" স্মরণ করা। এরপর হাত-মুখ ধুয়ে উষঃপান (জল পান) করা। জল পান করার পর প্রাতঃকালের পাঁচটি বেদমন্ত্র "প্রাতরাগ্নি প্রাতরিন্দ্রং হবামহে..." ইত্যাদি অর্থসহ পাঠ করা।

তারপর শৌচ (প্রাকৃতিক কাজ), দাতুন করা, ব্যায়াম এবং স্নান করা। এরপর কোনো শান্ত, একান্ত ও পবিত্র স্থানে পরিষ্কার ও মোটা আসনে ধ্যানের জন্য বসা এবং ধ্যানাত্মক আসন (যেমন পদ্মাসন) থেকে সহজে (কষ্ট ছাড়াই) যে কোনো একটি আসন গ্রহণ করা। সমস্ত শারীরিক ক্রিয়াকলাপ বন্ধ করে স্থির হয়ে সোজা বসা, অর্থাৎ মাথা, গলা ও কোমর—এই তিনটি যেন সোজা হয়, এই বিষয়ে মনোযোগ দেওয়া।

আসনে বসার পর "মানব জীবনের লক্ষ্য কী?" অথবা "আমাকে এই মানব শরীর কেন দেওয়া হয়েছে?" এই বিষয়ে এভাবে চিন্তা করা—‘সমস্ত সাংসারিক দুঃখ থেকে মুক্তি পেয়ে ঈশ্বরের প্রাপ্তিই মানব জীবনের সর্বোচ্চ লক্ষ্য’। বেদ ও ঋষি-রচিত গ্রন্থে বর্ণিত এই লক্ষ্যকে যোগাভ্যাসী তার মনে বারবার উচ্চারণ করবে এবং এই লক্ষ্য অর্জনের জন্য অত্যন্ত পুরুষার্থের সহিত যোগাভ্যাস করবে।

লক্ষ্যের উপর বিচার করে, এই সিদ্ধান্ত নিন যে এই আসনে আমি ঈশ্বরের সাক্ষাৎকারের জন্য বসেছি। এখন এক ঘণ্টা ধরে আমি শুধুমাত্র ঈশ্বরের স্তুতি, প্রার্থনা ও উপাসনা করব, অন্য কোনো সাংসারিক বিষয়ের চিন্তা করব না।

যোগাভ্যাসী সাধকের জন্য এটি অত্যন্ত জরুরি যে উপাসনার সময় সে তার সমস্ত সাংসারিক সম্পর্ক ভুলে যাবে, যেগুলো শরীরের কারণে গড়ে উঠেছে। অর্থাৎ এই সময় স্বামী-স্ত্রী, পিতা-মাতা, পুত্র-পুত্রী এবং বন্ধু-সম্পর্কিত সমস্ত প্রাণীর এবং ভূমি-ভবন, ধন-সম্পদসহ সমস্ত জড় বস্তুর স্মরণও করবে না।

এর অতিরিক্ত অপর কার্য এটিও অত্যন্ত প্রয়োজন যে, ‘শরীরকে আত্মা মনে করার’ ভুল ধারণা থেকে মুক্তি পাওয়া। যেমন নিজেকে ‘আমি পুরুষ’, ‘আমি নারী’, ‘আমি তরুণ’, ‘আমি বৃদ্ধ’, ‘আমি কালো’, ‘আমি সাদা’, ‘আমি দুর্বল’, ‘আমি শক্তিশালী’, ‘আমি সুন্দর’, ‘আমি কুৎসিত’, ‘আমি লম্বা’, ‘আমি ছোট’ ইত্যাদি গুণাবলীর অধিকারী মনে করা। কারণ এগুলো সবই চিরস্থায়ী আত্মার গুণ নয়, বরং ক্ষণস্থায়ী, পরিবর্তনশীল, নষ্টশীল জড় শরীরের গুণাবলী।

সাংসারিক এবং শারীরিক সম্পর্কগুলো ভুলে সাধক তার প্রবৃত্তিকে অন্তর্মুখী করে তুলবে, কারণ এভাবে না করলে সে আত্মা-পরমাত্মার জ্ঞান লাভ করতে পারবে না।

এরপর যোগাভ্যাসী 'স্ব-স্বামীসম্বন্ধ'-কে বুঝে তা দূর করার চেষ্টা করবে, অর্থাৎ দৃঢ় সংকল্প নিয়ে মনে ধারণ করবে যে আমার কাছে এই শরীর এবং শরীর সম্পর্কিত যত বিদ্যা, ধন, বল, সম্মান, যোগ্যতা এবং অন্যান্য গুণ রয়েছে, সবকিছুর আদিমূল হলো পরমেশ্বর, আমি নই। কারণ আমার মধ্যে এত জ্ঞান নেই এবং এত বল নেই যে আমি এই শরীরসহ সমস্ত প্রাকৃতিক বস্তু তৈরি করতে বা রক্ষা করতে পারি। ঈশ্বর মহতী করুণা করে এই সমস্ত বস্তু আমাকে ভোগ এবং মুক্তির জন্য উপকরণ হিসেবে দিয়েছেন। আমি তো শুধুমাত্র এই সমস্ত উপকরণের ব্যবহারকারী, প্রকৃত স্বামী হলেন ঈশ্বর।

স্ব-স্বামীসম্বন্ধ-কে জ্ঞান সহকারে ধ্বংস করার পর যোগাভ্যাসী 'ব্যাপক-ব্যাপ্য' সম্পর্ক বুঝবে। এই সমগ্র বিশ্ব ব্যাপ্য এবং ঈশ্বর ব্যাপক, অর্থাৎ এমন কোনো কণা নেই যেখানে ঈশ্বর বিদ্যমান থাকেন না। যেমন আগুনের চুল্লিতে লোহার গোলক রাখলে গোলকের ভিতর আগুন সর্বত্র ব্যাপক হয়, তেমনি ঈশ্বর বিশ্বের প্রতিটি বস্তুর মধ্যে বিরাজমান। এই ব্যাপক-ব্যাপ্য সম্পর্কের মাধ্যমে ঈশ্বরের সাথে নিজের নিকটতা আরও গভীরভাবে অনুভব করার জন্য এভাবেও ভাবা উচিত যে আমি ঈশ্বরের মধ্যে ডুবিয়ে আছি, ঈশ্বরের মধ্যেই বসি, ঈশ্বরের মধ্যেই খাই, ঈশ্বরের মধ্যেই পান করি। অনাদিকাল থেকে আমি ঈশ্বরের মধ্যেই বাস করছি এবং অনন্তকাল পর্যন্ত ঈশ্বরের মধ্যেই বাস করব। আমি ঈশ্বর থেকে কখনোই আলাদা হতে পারব না।

ব্যাপক-ব্যাপ্য সম্পর্কের অবস্থা গড়ে তোলার পর যোগাভ্যাসী 'মন ও ইন্দ্রিয়ের জড়ত্ব' বুঝতে চেষ্টা করবে। এই বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত নেবে—"আমার মন একটি যন্ত্রের মতো জড় বস্তু, এটি নিজের থেকে কোনো বিষয় চিন্তা করে না। আমি, চেতন জীবাত্মা, যখন কোনো বাহ্যিক বা অন্তর্মুখী বিষয় জানার ইচ্ছা প্রকাশ করে মনকে প্রেরণা দিই, তখনই মন আমাকে সেই বিষয়ের জ্ঞান দেয়। যেমন ফটোগ্রাফারের ইচ্ছা ছাড়া ক্যামেরায় নিজে থেকে ছবি তুলে না, তেমনি আমার ইচ্ছা ও প্রেরণা ছাড়া মনও কোনো বস্তু সম্পর্কে আমাকে জ্ঞান দেয় না। তাই আমি এই জড় মনকে আত্মজ্ঞান দ্বারা নিয়ন্ত্রণে রেখে এক ঘণ্টা পর্যন্ত ঈশ্বর ছাড়া অন্য কোনো বিষয়ে চিন্তন করব না।"

উপরোক্ত প্রস্তুতি সম্পন্ন করার পর এখন যোগাভ্যাসী ঈশ্বরের দ্রুত এবং সহজ অনুভূতির জন্য 'ঈশ্বর প্রণিধান' অবস্থার সাধন করবে। "সর্বব্যাপক, সর্বজ্ঞ, সর্বশক্তিমান, ন্যায়পরায়ণ, নিরাকার ঈশ্বর আমার আত্মার মধ্যে অবস্থান করছেন। তিনি আমার প্রতিটি শারীরিক, বাচনিক এবং মানসিক কর্মকে প্রতিক্ষণ দেখে, শোনে এবং জানেন। আমি কোনো কাজ তাঁকে গোপন করে করতে পারি না।"

যেমন দূরদর্শন সম্প্রচারকক্ষ (T.V. Telecasting Centre)-এ বসা ঘোষক (Announcer) জানে যে 'যদিও আমাকে দেখা যায় না, তবুও লক্ষ লক্ষ মানুষের চোখ এবং কান আমাকে দেখছে ও শুনছে', এই ভাবনা নিয়ে সে কোনো অনুচিত কাজ করে না এবং অভদ্র কথা বলে না। তেমনি যোগাভ্যাসী তার মনে ভাববে যে 'ঈশ্বর আমার কাছে মা-বাবার মতো উপস্থিত আছেন এবং অত্যন্ত প্রেমপূর্ণ, পবিত্র হৃদয়ে করা আমার স্তুতি-প্রার্থনা শুনছেন। আমার প্রার্থনা শুনে তিনি পরম করুণাময়, দয়ালু হয়ে অবশ্যই আমার মনোকামনা পূরণ করবেন, এতে একটুও সন্দেহ নেই।'

সাধককে সন্ধ্যোপাসনা করার আগে অবশ্যই এই রকম প্রস্তুতি নিতে হবে, যাতে সে উপাসনায় সফল হতে পারে এবং ঈশ্বরের কাছ থেকে পরম আনন্দ ও জ্ঞান লাভ করতে পারে।

উপাসনার স্থান

প্রায়ই দেখা যায়, শোনা যায় এমন কিছু বিশ্বাসও গড়ে ওঠে যে ঈশ্বরের পূজা, ভক্তি, ধ্যান, উপাসনা শুধুমাত্র মন্দিরে হয়, কোনো বিশেষ পাহাড়ে হয়, নদীর তীরে হয় বা জঙ্গলে হয়। এই স্থানগুলিতেই উপাসনা হতে পারে, সাধারণ স্থানে নয়—এমন বিশ্বাস সঠিক নয়। ঈশ্বরের উপাসনার জন্য স্থানের ততটা গুরুত্ব নেই, যতটা মনোযোগ, ঈশ্বরের প্রতি আত্মসমর্পণ, প্রেম, শ্রদ্ধা, বিশ্বাস, নিষ্ঠা, রুচি ইত্যাদির গুরুত্ব রয়েছে। তবে অবশ্যই, স্থানটি শান্ত, একাকী, মনোরম, পরিষ্কার এবং কোলাহলমুক্ত হলে সেখানে বাধা কম হওয়ার কারণে ধ্যান ভালো হয়।

কিন্তু যদি মন নিয়ন্ত্রণে থাকে, ঈশ্বরের প্রতি রুচি ও প্রেম থাকে এবং প্রানায়ামের মাধ্যমে নিয়মিত মনকে থামিয়ে মন্ত্রের মাধ্যমে তার ধ্যান করা হয়, তাহলে ধ্যান যেকোনো জায়গায় করা যায়। বাড়ির বাইরে যাওয়ার কোনো প্রয়োজন নেই। বাড়ির মধ্যেই ধ্যান করা যায়, কোনো ঘরে ধ্যান করা যায়, বিছানায় ধ্যান করা যায়, চেয়ারেও ধ্যান করা যায়।

একইভাবে দিকের কথাও আসে যে কোন দিকে বসে ঈশ্বরের ধ্যান করা উচিত। দিকেরও কোনো বিশেষ প্রয়োজন নেই। পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ যেকোনো দিকে ঈশ্বরের ধ্যান করা যায়। যেখানে থেকে শুদ্ধ বায়ু আসে, সূর্য উদয় বা অস্ত যায়, যেখানে জল, সাগর, নদী, পুকুর বা ঝর্ণা থাকে, এমন পরিবেশ মনকে আনন্দ দেয় এবং মনোযোগ বাড়ায়। কিন্তু এগুলোও গৌণ বিষয়। যদি ঈশ্বরের প্রতি ধ্যানের রুচি ও প্রেম থাকে, তাহলে দিকের কোনো গুরুত্ব নেই, কারণ ধ্যান চোখ বন্ধ করে করা হয় এবং চোখ বন্ধ করার পর আমরা কোথায় বসেছি বা কোন দিকে বসেছি তা ভুলে যাই, বরং ভুলে যাওয়াই উচিত। তাই দিক, স্থান ইত্যাদির ততটা গুরুত্ব নেই।

উপাসনার জন্য ভৌতিক সাধন এবং সামগ্রী

একইভাবে ঈশ্বরের উপাসনা সম্পর্কে একটি বিশ্বাসও গড়ে উঠেছে যে ঈশ্বরের প্রার্থনার জন্য ধূপ, দীপ, ফুল, আগরবাতি ইত্যাদি প্রয়োজন, আশেপাশে পানি থাকতে হবে, ফুলের বাগান থাকতে হবে, তবেই ঈশ্বরের ধ্যান সম্ভব। কিন্তু বাস্তবতা হলো ঈশ্বরের উপাসনার জন্য কোনো বাহ্যিক ভৌত বস্তু প্রয়োজন নেই। যেমন আমরা আজকাল দেখি ঈশ্বরভক্তরা ঈশ্বরের উপাসনার জন্য পাতা, ফুল, নৈবেদ্য, প্রসাদ, আগরবাতি, ধূপ, দীপক, মোমবাতি ইত্যাদি অনেক বস্তু অর্পণ করে থাকেন। এর কোনো প্রয়োজন নেই।

ঈশ্বরের কোনো বস্তুপ্রাপ্তির আকাঙ্ক্ষা নেই। তিনি নিজেই প্রকাশস্বরূপ, তিনি আমাদের দাতা, আমরা তাঁকে কী দেব? এটি না বুঝার কারণে মানুষের মধ্যে এই ভুল ধারণা গড়ে উঠেছে যে আমরা ঈশ্বরের কাছে কিছু নিয়ে যাবো, তবেই ঈশ্বর খুশি হবেন। ঈশ্বর পবিত্র, তাঁর সামনে আগরবাতি নিয়ে যাওয়ার কী দরকার? আগরবাতি থেকে দূষিত পরিবেশ দূর হয়। হ্যাঁ, এটা ঠিক যে যেখানে আগরবাতি জ্বালানো হয়, সেখানে পরিবেশ কিছুটা শুদ্ধ হয়, সুগন্ধি হয়, যা মনের ওপর প্রভাব ফেলে। কিন্তু এটা বাধ্যতামূলক নয়। একইভাবে দীপ জ্বালালে অন্ধকার দূর হয় এবং সেখানে আলো আসে, তবে এরও কোনো প্রয়োজন নেই। দেখা যায় এই আলো, আগরবাতি, ফুল ইত্যাদি বৃত্তিসমূহকে নিয়ন্ত্রণ করতে বাধা দেয়, বরং বৃত্তি সৃষ্টি করে।

যদি আগরবাতির সুগন্ধ আসে, তাহলে আমাদের নাক সেটি গ্রহণ করবে এবং তার প্রতি মনোযোগ চলে যাবে। একইভাবে দীপক দেখলে আমাদের দৃষ্টি পরিবর্তিত হবে। চোখের মাধ্যমে ঈশ্বরের ধ্যান করতে বাধা সৃষ্টি হবে। ঈশ্বরের উপাসনার জন্য বলা হয়েছে "চিত্তবৃত্তিনিরোধঃ" অর্থাৎ মনের যে সমস্ত প্রবৃত্তি আছে যেমন চোখ দিয়ে দেখা, কান দিয়ে শোনা, নাক দিয়ে গন্ধ নেওয়া, মুখ দিয়ে খাওয়া, ত্বকের মাধ্যমে স্পর্শ করা—উপাসনার সময় এই ইন্দ্রিয়গুলোর মাধ্যমে যখন বিষয় গ্রহণ করা হয়, তখন এগুলো বাধা সৃষ্টি করে, তাই এগুলোকে নিয়ন্ত্রণ করতে হয়। অতএব, উপাসনার সময় ভৌত বস্তু এবং ভৌত বস্তুদের গুণাবলীর ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে।

এ থেকে বোঝা যায় যে ঈশ্বরের উপাসনার জন্য যারা কিছু ফুল, ফল, উপহার, পূজার সামগ্রী, আগরবাতি ইত্যাদি নিয়ে অর্পণ করেন, তা উপাসনার জন্য অপরিহার্য নয়।

উপাসনার আসন

একইভাবে ঈশ্বরের ধ্যানের জন্য আসনের ব্যাপারেও মানুষের মধ্যে নানা রকম ধারণা গড়ে উঠেছে। যেমন পদ্মাসন, সিদ্ধাসন বা বজ্রাসন বসতে হবে, তবেই ধ্যান হবে, অথবা

এইভাবে বসতে হবে তবেই ধ্যান হবে—কিন্তু এটা বাধ্যতামূলক নয়। ঈশ্বরের উপাসনার জন্য শরীরের স্থিরতা জরুরি। শরীরের স্থিরতার জন্য আমরা যে কোনো আসন নিতে পারি যা আমাদের উপযোগী, সেটা হতে পারে সিদ্ধাসন, সুখাসন বা অন্য কোনো আসন। বরং দেখা গেছে, প্রাথমিক সাধকদের জন্য পদ্মাসন, সিদ্ধাসন ইত্যাদি কঠিন হয়। সেখানে দীর্ঘ সময় ধরে বসতে পারেন না। তাই যে কোনো সহজ আসন, যেটাতে দীর্ঘ সময় ধরে কষ্ট ছাড়াই সোজা বসা যায়, সেটি ব্যবহার করা উচিত।

ভাল স্তরের ধ্যান, উচ্চ স্তরের ধ্যান সাধারণত মাটির ওপর আসন বিছিয়ে সোজা হয়ে বসার মাধ্যমে হয়। কিন্তু যদি কারো কোমরে ব্যথা থাকে, পায়ে ব্যথা থাকে, আসনে বসতে পারে না, চৌকড়ি বসতে পারে না, তাহলে সে ব্যক্তি মাটির ওপর বসার পরিবর্তে চেয়ারে বসেও ধ্যান করতে পারে, আরামদায়ক চেয়ারেও বসে ধ্যান করতে পারে। বরং যদি এত ব্যথা বা অসুবিধা হয় যে বসতেও না পারে, তাহলে বিছানায় শুয়ে থেকেও ধ্যান করতে পারে। ধ্যান করার মূল কাজ হলো মনের একাগ্রতা, আসন বসানো নয়। হ্যাঁ, মাটির ওপর সোজা বসে ধ্যান করলে অলসতা ও প্রমাদ কম হয়, ধ্যান সহজ হয়। আরামদায়ক চেয়ারে বসলে বা বিছানায় বসলে এই সমস্যা হতে পারে যে ব্যক্তি ঘুমিয়ে পড়তে পারে, অলসতা আসতে পারে। তাই যারা সক্ষম, সুস্থ, তারা মাটির ওপর আসন বিছিয়ে সোজা হয়ে বসে ধ্যান করবেন। যারা সম্পূর্ণ সুস্থ নয় বা কোনো প্রতিবন্ধকতা আছে, তারা আরামদায়ক চেয়ারে বসে বা বিছানায় বসেও ধ্যান করতে পারেন। প্রধান কাজ হলো মনকে বাহ্যিক বিষয় থেকে বিরত রেখে ঈশ্বরের প্রতি নিবদ্ধ করা।

উপাসনার সময় নির্ধারণ

একইভাবে ধ্যানের সময় সম্পর্কে অনেকের মধ্যে একটি ধারণা গড়ে উঠেছে যে ঈশ্বরের ধ্যান শুধুমাত্র সকালে হয়। এমনকি কিছু মানুষ মনে করে যে ব্রহ্মমুহূর্তেই ধ্যান হয়, অর্থাৎ সূর্যোদয়ের আগে, যখন সূর্য ওঠে নি। তাদের কথা সত্য যে সূর্যোদয়ের আগে ব্রহ্মমুহূর্তে ধ্যানের স্তর শ্রেষ্ঠ হয়, কিন্তু এর মানে এই নয় যে কেউ সূর্যোদয়ের আগে ওঠার অভ্যাস বা সামর্থ্য না থাকলে বা সময় না পেলে দিনের বাকি সময়ে ধ্যান করা যাবে না।

আদর্শ এটি যে আমরা প্রাতঃ ব্রহ্মমুহূর্তে উঠে ঈশ্বরের ধ্যান করব, কিন্তু যদি কোনো বাধা আসে, কোনো অসুবিধা হয়, কোনো অক্ষমতা থাকে, কোনো অভাব থাকে বা কোনো কষ্ট থাকে, তাহলে সূর্যোদয়ের পরেও ধ্যান করা যায়। ছয়টা বাজার পরেও ধ্যান করা যায়, সাতটা বাজার পরেও ধ্যান করা যায়, আটটার মধ্যেও ধ্যান করা যায়। কেউ যদি বলে যে তাদের

আটটা পর্যন্ত সময় নেই, কারণ বাচ্চাদের স্কুলে পাঠাতে হয়, পরিবারের লোকজনকে দোকানে পাঠাতে হয়, অফিসে যেতে হয়, ফ্যাক্টরিতে যেতে হয়, তাহলে যারা আটটা বা দশটা পর্যন্ত সময় বের করতে পারে না, তাদের জন্য দশটার পরেও ধ্যান করা অনুচিত নয়। এগারোটাও ধ্যান করা যায়, বারোটাও ধ্যান করা যায়। কেউ যদি বলে বারোটার মধ্যে সময় নেই, তাহলে দুপুরের খাবার করার পরেও ধ্যান করা যায়। দুইটায় ধ্যান করা যায় বা যখনই বিশ্রামের সময় বা অবকাশ পাওয়া যায় তখন ধ্যান করা যায়। যদি দিনে অবকাশ না পাওয়া যায়, তাহলে রাতেও ধ্যান করা যায়।

যে ব্যক্তি বলে আমার সকালে সময় হয় না, তাই আমি ধ্যান করি না, এটা তার অভাব হবে। সে যেকোনো সময় ধ্যান করতে পারে। ভালো হয় যদি কেউ সকালে এবং সন্ধ্যায় ধ্যান করে, কিন্তু যদি বাধা থাকে, তাহলে অন্য সময়েও ধ্যান করা যায়, রাতেও ধ্যান করা যায়, যেকোনো সময় ঈশ্বরের ধ্যান করা উচিত।

যখনই সময় পাওয়া যায়, প্রসন্নতা হয়, মনোযোগ থাকে, বাধা না থাকে, তখনই ধ্যান করা উচিত। যদি শ্রেষ্ঠ সময় না পাওয়া যায়, তাহলে দুপুরে বা রাতে ধ্যান করা উচিত। ধ্যান করা অবশ্যই উচিত।

বাঁধাসমূহের সমাধান

সময়ের নির্ধারণ সম্পর্কে কিছু মানুষের এমন ধারণা থাকে যে নিয়মিত নির্দিষ্ট সময়ে ধ্যান না করলে কোনো লাভ হয় না। তারা বলেন আমাদের দৈনন্দিন জীবন অগোছালো, আমরা নির্দিষ্ট সময় ঠিক করতে পারি না। কখনো কিছু হয়, কখনো কিছু বাধা আসে, কখনো কোথাও যেতে হয়, কখনো কোথাও আসতে হয়, কখনো কেউ আসে, কখনো রোগ হয়, কখনো বেদনা হয়, কখনো নানা ধরনের কাজ আসে এবং আমাদের ধ্যান থেমে যায়। এই বিষয়ে জানা দরকার যে কোথায় বাধা আসে না? সবারই বাধা আসে। ভালো কথা হলো সময় নির্ধারণ করা উচিত। ৬টা থেকে ৭টা পর্যন্ত, ৭টা থেকে ৮টা পর্যন্ত, ৮টা থেকে ৯টা পর্যন্ত—যেকোনো সময়, যখন কোনো বাধা আসে তখন আমরা আমাদের নিয়মকে ব্যতিক্রম হিসেবে সাময়িকভাবে সামলে নিতে পারি।

ধ্যান সম্পর্কিত সময়ের নিয়ম বানানো উচিত, এটি উপকারী। নিয়ম থাকার ফলে সুবিধা হয়। সংস্কারও গড়ে ওঠে যে আমরা ৬টা থেকে ৭টার নিয়ম করেছি। ৬টা থেকে ৭টার মধ্যে আমরা ধ্যান করব। কিন্তু যেদিন বাধা আসে, সেদিন আমরা সাময়িকভাবে সময় পরিবর্তন করতে পারি। অতিথি এসেছে, কোনো বিশেষ কাজ হয়েছে, কোনো ঘটনা ঘটেছে, আমরা ৬টা

থেকে ৭টার মধ্যে ধ্যান করতে পারিনি, তাহলে ৭টা থেকে ৮টার মধ্যে করতে পারি, ৮টা থেকে ৯টার মধ্যে করতে পারি। তারপর যখন বাধা না থাকে, তখন আবার নিয়মিত সময়ে ধ্যান করব। সময় নির্ধারণ থাকা উচিত, কিন্তু বাধার কারণে ধ্যান একদমই বন্ধ করে দেওয়া উচিত নয়, এই বিষয়টি খেয়াল রাখতে হবে।

উপাসনার পূর্বে স্নান, ব্যায়াম, শুদ্ধি আদি

মানুষের মধ্যে একটি ধারণাও থাকে যে শাস্ত্রে বিধান আছে যে ঈশ্বরের ধ্যান স্নান করে করতে হবে। কিন্তু সকালের তাড়াতাড়ি আমরা স্নান করতে পারি না, শরীরে কিছু অসুবিধা থাকে, সকালে তাড়াতাড়ি উঠতে পারি না, রোগ থাকে, তাই স্নান না করলে ঈশ্বরের উপাসনা কীভাবে করব? তাদের কথাও ঠিক যে ঈশ্বরের উপাসনার জন্য তাড়াতাড়ি উঠে, ঘোরাঘুরি করে, শৌচ থেকে মুক্ত হয়ে, স্নান করে, ব্যায়াম করে বসা উচিত। কিন্তু কেউ যদি তাড়াতাড়ি উঠতে না পারে, ব্যায়াম করতে না পারে, স্নান করতে না পারে বা শৌচ থেকে মুক্ত হতে না পারে, তাহলে এর মানে এই নয় যে সে ধ্যান করতে পারবে না। ধ্যান অবশ্যই করতে হবে।

ভালো হয় স্নান করে ধ্যান করা, ব্যায়াম করে ধ্যান করা, কিন্তু যদি কোনো বাধ্যবাধকতার কারণে এসব করা সম্ভব না হয়, যেমন অসুস্থতা, শরীরের দুর্বলতা, ক্লান্তি, তাহলে স্নান না করেও, ব্যায়াম না করেও, ঘোরাঘুরি না করেও, শৌচ না করেও মানুষ বসে ঈশ্বরের ধ্যান করতে পারে। ঈশ্বরের ধ্যানের জন্য এই নিয়ম বাধ্যতামূলক নয় যে শৌচ সেরে তারপরই ধ্যান হবে, স্নান না করলে বা ব্যায়াম না করলে ধ্যান হবে না, তাড়াতাড়ি না উঠলে ধ্যান হবে না, ঘোরাঘুরি না করলে ধ্যান হবে না। এই বিষয়টি খেয়াল রাখতে হবে যে ধ্যান করা উচিত।

যখন আনন্দ হয় তখন দেখা যায় আমরা স্নান না করেও অনেক কাজ করতে পারি, যেমন কথা বলা, পড়া, খাওয়া, যজ্ঞ করা। যখন এই সব দৈনন্দিন কাজ স্নান না করেও করা যায়, ঘোরাঘুরি না করেও করা যায়, শৌচ না করেও করা যায়, তাহলে স্নান না করেও ধ্যান কেন করা যাবে না? হ্যাঁ, এতটুকু অবশ্যই যে ধ্যান ভালো স্তরের হবে না, ধ্যানের একাগ্রতা অনেক বেশি হবে না। কিছুটা হলেও ভালো। না করার থেকে ভালো। তাই ব্যায়াম না করেও, স্নান না করেও, ঘোরাঘুরি না করেও এবং প্রাথমিক প্রস্তুতি ছাড়াই মানুষ ঈশ্বরের ধ্যান করতে পারে এবং করা উচিত।

উপাসনার জন্য বস্ত্র পরিধান

একটি বিষয় অনেকবার সামনে আসে যে ঈশ্বরের ধ্যান বা উপাসনার জন্য বিশেষ ধরনের বস্ত্র পরা হয় বা পরা উচিত। সেই বিশেষ বস্ত্রেই ধ্যান করা উচিত। লাল বস্ত্র, হলুদ বস্ত্র, সাদা বস্ত্র বা অন্য কোনো ধরনের বস্ত্র ছাড়া ধ্যান সম্ভব নয়। কিন্তু এমন কোনো বাধ্যবাধকতা নেই যে আমরা বিশেষ ধরনের বস্ত্র পরব, তবেই ধ্যান হবে। শুধু এটুকু অবশ্যই যে বস্ত্র যাই হোক না কেন, তা পরিষ্কার, পবিত্র এবং কম পরিমাণে হওয়া উচিত। কারণ অনেক বেশি বস্ত্র পরে বসলে ঘুম বা অলসতার প্রভাব পড়ে। খুব কম বস্ত্র পরলে ঠাণ্ডা, গরম বা বাতাসের প্রভাব পড়ে।

